JAN. 09 2002

দৈনিক সংবাদ

তারিখ ............
পৃষ্ঠা ১২ কলাম ৫

## ঢা.বিতে কাল থেকে ভর্তি পরীক্ষা

# ৪৩৪৮টি আসনের জন্যে ৬৩ হাজার প্রার্থী

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ আগামী শুক্রবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। ৪টি ইউনিটের মোট ৪ হাজার ৩শ' ৪৮টি আসনের বিপরীতে ৬৩ হাজার ২শ' ৭৫ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। প্রতিটি আসনের জন্য ১৪ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। ভর্তি পরীক্ষার 'ক' 'বিজ্ঞান' ইউনিটের ১ হাজার ১শ' ৭৮টি আসনের বিপরীতে ১৮ হাজার ৪শ' ৭ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। 'খ' (মানবিক) ইউনিটের ১ হাজার ৯শ' ৪০টি আসনের বিপরীতে ১৩ হাজার ৭শ' ৪৪ জন পরীক্ষার্থী, 'গ' (বাণিজ্য) ইউনিটের ৬শ' ৪০টি আসনের জন্য ১৪ হাজার ২শ' ১১ জন এবং 'ঘ' (সম্মিলিত) ইউনিটের ৫শ' ৯০টি আসনের বিপরীতে ১৬ হাজার ৬শ' জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। ৪টি ইউনিটের মধ্যে 'গ' ইউনিটের পরীক্ষা আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে। অন্য তিনটি ইউনিটের মধ্যে 'খ' ইউনিটের ১৮ই জানুয়ারি, 'ক' ইউনিটের ২৫শে জানুয়ারি এবং 'ঘ' ইউনিটের পরীক্ষা ১লা ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষায় যাতে কোনরকম দুর্নীতি না হয় সে জন্য প্রস্তুতি নিয়েছেন।